ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৬৬৯

আগরতলা,৫ নভেম্বর,২০২৬

মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা
আশাবাড়ির ঘটনায় ১০ জনকে গ্রেপ্তার করা হয়েছে

আজ টিআইএফটি কনফারেন্স হলে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত এক বৈঠকে রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা করা হয়। বৈঠকে মুখ্যসচিব, স্বরাষ্ট্র সচিব, রাজ্য পুলিশের মহানির্দেশক, বিএসএফ-এর আইজি, সিআরপিএফ ও আসাম রাইফেলসের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। বৈঠকে সিপাহীজলা জেলার আশাবাড়ি এলাকার ঘটনাটি নিয়েও আলোচনা হয়। এ বিষয়ে ত্রিপুরা পুলিশের পক্ষ থেকে এখন পর্যন্ত গৃহীত পদক্ষেপগুলি নিয়ে আলোচনা করা হয়। এর মধ্যে এফআইআর-এ নাম উল্লেখিত ১৯ জনের মধ্যে ১০ জনকে গ্রেপ্তারের বিষয়টিও অন্তর্ভুক্ত রয়েছে।

বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন, সীমান্তপারের চোরাচালানমূলক কার্যকলাপ এবং এই ঘটনায় জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে আইন অনুযায়ী কঠোরতম ব্যবস্থা গ্রহণ করা হবে। পাশাপাশি তিনি আরও উল্লেখ করেন যে, সিপাহীজলা জেলার আশাবাড়ি এলাকায় কর্তব্যরত বিএসএফ কর্মীদের ওপর হামলার সাম্প্রতিক ঘটনাটিকে রাজ্য সরকার অত্যন্ত গুরুত্বের সঙ্গে দেখছে। নিরাপত্তা কর্মীদের বিরুদ্ধে এ ধরনের হিংসাত্মক কার্যকলাপ কোনওভাবেই বরদাস্ত করা হবে না এবং ঘটনার জন্য দায়ী সবার বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধ এবং কার্যকর নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে রাজ্য প্রশাসন, রাজ্য পুলিশ ও বিএসএফ-এর মধ্যে ঘনিষ্ঠ সমন্বয় বজায় রাখা হচ্ছে। অধিকতর সতর্কতা, নিরাপত্তা বাহিনী মোতায়েন এবং সমন্বিত অভিযান পরিচালনার মাধ্যমে ক্ষতিগ্রস্ত এলাকাগুলির ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। স্বরাষ্ট্র দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****